

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৭৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫) ফজর, আসর ও মাগরিব নামাযের পরে যে যিকির পাঠ করতে হয় তার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في أذكار يقولها بعد الصبح والعصر والمغرب

## আরবী

(حسن صحيح) وَعَنْ أبي أيوب رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : مَنْ قَالَ إِذَا أَصبح: لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي قَلْمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشْرَ مَرَّاتِ كتب الله له بِهِنَّ عَشْرُ حَسَنَاتٍ ، وَمَحَا وَيُمْ عَشْرُ عَشْرُ حَسَنَاتٍ ، وَمَحَا بِهِنَّ عَشْرُ عَشْرُ عَشْرَ دَرَجَاتٍ ، وَكُنُّ لَهُ عِدْلَ عَشْرِ عتاقة أربع بِهِنَّ عَشْرَ مَرَّاتِ كَتْ الله له بِهِنَّ عَشْرِ عتاقة أربع بِهِنَّ عَشْرَ مَرَجَاتٍ ، وَكُنُّ لَهُ عِدْلَ عَشْرِ عتاقة أربع رقاب وَكُنَّ لَهُ حَرَسًا حَتَّى يُمْسِيَ وَمَنْ قَالَهُنَّ إذا صلى المغرب دبر صلاته ، فَمِثْلَ ذَلِكَ حَتَّى يُصْبِحَ

. رواه أحمد والنسائي وابن حبان في صحيحه

## বাংলা

898. (হাসান সহীহ) আবু আইয়ুব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে ব্যক্তি ফজরের পর "লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা-শারীকা লাহু লাহুল মূলকু ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন কাদীর" ১০ বার পাঠ করবে, বিনিময়ে আল্লাহ তার জন্য দশটি নেকী লিখে দিবেন, দশটি গুনাহ মোচন করে দিবেন এবং দশটি মর্যাদা উন্নীত করবেন। তাকে চারজন গোলাম আযাদ করার সমপরিমাণ ছোয়াব দেয়া হবে। আর সন্ধ্যা পর্যন্ত তাকে পাহারা দেয়া হবে। যে ব্যক্তি এই কালেমাগুলো পাঠ করবে মাগরিব নামাযের পরে তাহলে সকাল পর্যন্ত তাকে অনুরূপ ছোয়াব দেয়া হবে।"

(আহমাদ ৫/৪২০, নাসাঈ ২৪ ও ইবনে হিব্বান ২০২০ হাদীছটি বর্ণনা করেছেন) ইবনে হিব্বানের অপর বর্ণনায় বলা হয়েছেঃ

وَكُنَّ لَهُ عِدْلَ عَشْرِ رِقَابٍ

"ঐ শব্দগুলো পাঠ করলে দশজন কৃতদাস মুক্ত করার সমপরিমাণ ছোয়াব দেয়া হবে।"



## হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন